



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1st. Term: Answer Worksheet - 2



Class: 3

Subject: Bengali Text (আমাদের গ্রাম)

Date : 3/7/2020

১। 'আমাদের গ্রাম' কবিতায় গ্রামটি কেমন ?

উ: 'আমাদের গ্রাম' কবিতায় গ্রামটিতে ছোটো ছোটো ঘর আছে। মাঠ ভরা ধান ও জল ভরা দিঘি গ্রামে আছে। সেখানে সবাই মিলেমিশে থাকে। পাড়ার সবাই নিজের ভাইয়ের মতো একসাথে খেলে আর পাঠশালায় যায়। গ্রামটিতে কোনো হিংসা আর মারামারি নেই। গ্রামে সবাই গুরুজন ও পিতামাতাকে সন্মান করে।

২। 'আমাদের গ্রাম' কবিতার শেষ ৮ লাইন কবির নাম সহ লেখ।

উ: আমাদের গ্রাম

- বন্দে আলি মিঞা

আমাদের ছোটো গ্রাম মায়ের সমান,

আলো দিয়ে বায়ু দিয়ে বাঁচিয়েছে প্রাণ।

মাঠ ভরা ধান আর জল ভরা দিঘি,

চাঁদের কিরণ লেগে করে ঝিকিঝিকি।

আমগাছ জামগাছ বাঁশঝাড় যেন,

মিলে মিশে আছে ওরা আত্মীয় হেন,

সকালে সোনার রবি পূব দিকে ওঠে

পাখি ডাকে বায়ু বয়, নানা ফুল ফোটে।

৩। এই কবিতায় কবি মিলেমিশে আছে বলতে কি বোঝাতে চেয়েছেন ?

উ: সাধারণত গ্রামের মানুষেরা সবাই একসঙ্গে পাশাপাশি থেকে মিলেমিশে থাকে। পাড়ার ছেলেরা একসঙ্গে খেলা করে একসঙ্গে পাঠশালায় যায়। কোনো হিংসা ও মারামারি করে না। প্রত্যেকের প্রয়োজনে প্রত্যেকেই একে অপরের সঙ্গী হয়। কবি এখানে পাশাপাশি থাকা গাছগুলোকেও আত্মীয়স্বজনের মতো সব কিছু ভাগ করে নেওয়ার কথা বলেছেন।

৪। তুমি যেখানে বাস কর সেখানকার পরিবেশ সম্পর্কে কিছু লিখে দেখাও।

উ: আমি কলকাতা শহরে বাস করি। আমাদের এই শহরের রাস্তাঘাট বেশ চওড়া আর পাকা। এই রাস্তাঘাটে বিভিন্ন প্রকার যানবাহন চলাচল করে। এখানে অনেক লোকজন বাস করে। এখানকার বাড়ীগুলি পাকা। একতলা, দুইতলা ও বহুতল বাড়ীর সংখ্যা অনেক।

Manashi Chaudhuri